

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৮৮

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ নাপাক ব্যক্তি গোসল করতে চাইলে কিভাবে গোসল করবে তার বিবরণ

ذِكْرُ وَصنْفِ الْإغْتِسَالِ مِنَ الْجَنَابَةِ لِلْجُنُبِ إِذَا أراده

## আরবী

1188 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عَبْدِ اللَّحْمَنِ قَالَ: عُمْرُ بْنُ عُبَيْدٍ الطَّنَافِسِيُّ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ قَالَ: عُمْرُ بْنُ عُبَيْدٍ الطَّنَافِسِيُّ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ قَالَ: وَصَفَتْ عَائِشَةُ غُسْلَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ الْجَنَابَةِ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَغْسِلُ يَدَيْهِ ثَلَاثًا ثُمَّ يُفيض بِيَدِهِ الْيُمْنَى عَلَى الْيُسْرَى فَيَغْسِلُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَغْسِلُ يَدَيْهِ ثَلَاثًا ثُمَّ يُفيض بِيدِهِ الْيُمْنَى عَلَى الْيُسْرَى فَيَغْسِلُ فَرْجَهُ وَمَا أَصَابَهُ ثُمَّ يُمَضْمِضُ وَيَسْتَنْشِقُ ثَلَاثًا وَيَغْسِلُ وَجْهَهُ وَيَدَيْهِ ثَلَاثًا ثَلَاثًا ثُمَّ يُفيضُ عَلَى رَأْسِهِ ثَلَاثًا ثُمَّ يُمضْمِضُ وَيَسْتَنْشِقُ ثَلَاثًا وَيَغْسِلُ وَجْهَهُ وَيَدَيْهِ ثَلَاثًا ثَلَاثًا ثُمَّ يُفِيضُ عَلَى رَأْسِهِ ثَلَاثًا ثُمَّ يُمضُمْ عَلَى الماء.

الراوي: أَبُو سَلَمَةَ بْن عَبْدِ الرَّحْمَنِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان المعدد: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1188 اخلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

১১৮৮. আবূ সালামাহ বিন আব্দুর রহমান রহিমাহুল্লাহ বলেন, আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নাপাকী গোসলের বিবরণ দিয়ে বলেছেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুই হাত তিনবার ধৌত করতেন, তারপর ডান হাত দিয়ে বাম হাতের উপর পানি ঢালতেন অতঃপর তাঁর লজ্জাস্থান এবং লজ্জাস্থানে যা লাগতো তা ধৌত করতেন, তারপর কুলি করতেন এবং নাকে পানি দিতেন তিনবার, মুখ ও দুই হাত ধৌত করতেন তিনবার, তারপর মাথার উপর তিনবার পানি ঢালতেন তারপর নিজের উপর পানি ঢালতেন।"[1]

## ফুটনোট

[1] নাসাঈ: ১/১৩৪; মুসনাদ আহমাদ: ৬/১৪৩; আত তায়ালিসী: ১/৬০; সুনান বাইহাকী: ১/১৭৪; মুসান্নাফ ইবনু



আবী শায়বাহ: ১/৬৩; সহীহ মুসলিম: ৩২১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আন নাসাঈ: ২৩৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন